## ২০১৫-২০১৬ অর্থ বছরের বাজেটে আয়করের ক্ষেত্রে গৃহীত উল্লেখযোগ্য কার্যক্রমঃ

**উল্লেখযোগ্য বৈশিষ্ট্য ঃ**

- ❖ বিরাজমান মুদ্রাস্ফীতি, জীবনযাত্রার ব্যয় বৃদ্ধি, প্রান্তিক করদাতাদের করভার লাঘব ইত্যাদি বিবেচনায় ব্যক্তিশ্রেণীর করদাতাদের করমুক্ত আয়ের সীমা ২ লক্ষ ২০ হাজার টাকা থেকে বৃদ্ধি করে ২ লক্ষ ৫০ হাজার টাকায় নির্ধারণ করা। করদাতাদের অঞ্চলভিত্তিক অবস্থান নির্বিশেষে ন্যূনতম করের পরিমাণ ৪ হাজার টাকায় নির্ধারণ করা;
- ❖ নারীর ক্ষমতায়ন এবং দেশের অর্থনৈতিক কর্মকান্ডে তাদের অধিকতর সম্পৃক্ত হতে প্রণোদনা প্রদানের জন্য এবং সিনিয়র সিটিজেনদের করভার কমানোর লক্ষ্যে মহিলা করদাতা ও ৬৫ বছর ঊর্ধ্ব সিনিয়র সিটিজেনদের করমুক্ত আয় সীমা ২ লক্ষ ৭৫ হাজার টাকা থেকে বৃদ্ধি করে ৩ লক্ষ টাকায় নির্ধারণ করা;
- ❖ প্রতিবন্ধী করদাতাদের প্রতি সমাজের এবং রাষ্ট্রের পালনীয় ভূমিকা বিবেচনায় প্রতিবন্ধী করদাতাদের করমুক্ত আয় সীমা ৩ লক্ষ ৫০ হাজার টাকার পরিবর্তে ৩ লক্ষ ৭৫ হাজার টাকায় নির্ধারণ করা;
- ❖ মহান স্বাধীনতা যুদ্ধে অংশগ্রহণকারী গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের করমুক্ত আয়ের সীমা ৪ লক্ষ টাকা থেকে বৃদ্ধি করে ৪ লক্ষ ২৫ হাজার টাকায় নির্ধারণ করা;
- ❖ ব্যক্তি করদাতার নীট পরিসম্পদের প্রদর্শিত মূল্যের ভিত্তিতে আরোপিত সারচার্জের বিধান অপরিবর্তিত রাখা। তবে সারচার্জের আওতামুক্ত নীট সম্পদ (অর্জন মূল্যে) সীমা ২ কোটি টাকা থেকে ২ কোটি ২৫ লক্ষ টাকায় নির্ধারণ এবং অন্যান্য স্তর অপরিবর্তিত রাখা। সর্বনিম্ন সারচার্জের পরিমাণ ৩ হাজার টাকায় নির্ধারণ করা;
- ❖ পুঁজিবাজারের উন্নয়নের লক্ষ্যে পুঁজিবাজারে তালিকাভুক্ত ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠানের কর হার ৪২.৫% থেকে ৪০% এ হ্রাস করা এবং পুঁজিবাজারে তালিকাভুক্ত মার্চেন্ট ব্যাংক, মোবাইল ফোন অপারেটর এবং সিগারেট উৎপাদনকারী ব্যতীত অন্যান্য কোম্পানীর করহার ২৭.৫% থেকে ২৫% এ হ্রাস করা;
- ❖ পুঁজিবাজারে তালিকাভুক্ত নয় এমন কোম্পানী, মার্চেন্ট ব্যাংক এবং মোবাইল ফোন অপারেটর কোম্পানীসমূহের করের হার অপরিবর্তিত রাখা;
- ❖ পুঁজিবাজারে তালিকাভুক্ত কোম্পানী, প্রাইভেট/পাবলিক লিমিটেড কোম্পানী, ব্যক্তি বা অংশীদারী ফার্ম ইত্যাদি করদাতার মর্যাদা নির্বিশেষে সিগারেট ব্যবসায়রত সকল করদাতার একক করের হার ৪৫% নির্ধারণ করা;
- ❖ ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠানের জন্য ক্যালেন্ডার ইয়ারকে আয়বছর বিবেচনা এবং অন্য সকল করদাতার জন্য অর্থ বছরকে আয় বছর হিসেবে গণ্য করা;
- ❖ তৈরী পোশাকসহ সকল রপ্তানি মূল্যের উপর ১ শতাংশ হারে উৎসে কর কর্তন করা এবং উক্ত উৎসে কর্তিত করকে সকল রপ্তানিকারকের জন্য চূড়ান্ত করদায় হিসেবে বিবেচনা করা;
- ❖ বিদ্যমান আইনে আমদানী পর্যায়ে উৎসে আয়কর পরিশোধ হতে অব্যাহতি প্রাপ্ত কতিপয় পণ্যের উপর হ্রাসকৃত ২% হারে উৎসে অগ্রিম আয়কর আরোপ করা;
- ❖ হাঁস-মুরগি, চিংড়ি ও মাছের Hatchery, পোল্ট্রি, পোল্ট্রি ফিড, গবাদি পশু, বীজ, দুগ্ধ, ব্যাঙ, তুঁত চাষ, মৌমাছি চাষ, রেশম চাষ, ছত্রাক চাষ, ফুল চাষ ইত্যাদি খাতের আয়ের উপর হ্রাসকৃত হারে করারোপ;

- ❖ কর অবকাশযোগ্য Industrial undertaking এর তালিকায় Tyre, Automobile Manufacturing Industry, অত্যাধুনিক ও পরিবেশ বান্ধব Tunnel Kiln পদ্ধতির ইট নির্মাণ শিল্প এবং Bi-cycle শিল্পকে অন্তর্ভুক্ত করা;
- ❖ যে সকল বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্ত, সরকারী কারিকুলাম অনুযায়ী পাঠ দান করে থাকে এবং সরকারী নীতিমালার ভিত্তিতে গঠিত পরিচালনা পর্ষদ দ্বারা পরিচালিত হয় সে সকল শিক্ষা প্রতিষ্ঠান, পাবলিক বিশ্ববিদ্যালয় এবং সরাসরি আইন বা অধ্যাদেশ দ্বারা সৃষ্ট পেশাজীবী সংগঠনের শিক্ষাকার্যক্রম পরিচালনাকারী প্রতিষ্ঠানের শিক্ষা কার্যক্রম পরিচালনা হতে অর্জিত আয় করমুক্ত রাখা;
- ❖ সমতার বিধান নিশ্চিত করার লক্ষ্যে সরকারি-বেসরকারি সকল কর্মকর্তা ও কর্মচারীদের বেতন, বোনাস ও উৎসবভাতার উপর সমভাবে কর আরোপ করা;
- ❖ দেশের সক্ষম ও দক্ষ বিশাল যুব সমাজকে উপযুক্ত কাজে নিয়োগের সুব্যবস্থা করার লক্ষ্যে এবং অনুমোদনবিহীন বিদেশীদের কাজে নিয়োগের মাধ্যমে অবৈধভাবে দেশ থেকে মূল্যবান বিদেশী মুদ্রা পাচার রোধে কোন প্রতিষ্ঠান বিনিয়োগ বোর্ডের অনুমোদনবিহীন কোন বিদেশীকে অবৈধভাবে কর্মে নিয়োগ করলে উক্ত প্রতিষ্ঠানের আরোপিত আয়কর এর উপর অতিরিক্ত কর আরোপ। একই সাথে উক্ত শ্রেণীর কোন প্রতিষ্ঠান কর্তৃক ভোগরত কর অবকাশ সুবিধা, রেয়াতী কর সুবিধাসহ অন্য যে কোন প্রকার কর অব্যাহতির সুবিধা প্রত্যাহার করা এবং এ সকল দুর্জনদের দৃষ্টান্তমূলক শাস্তি প্রদানের লক্ষ্যে কারাদন্ড ও অর্থদন্ড আরোপ;
- ❖ গৃহ-সম্পত্তি খাতে ক্ষুদ্র বিনিয়োগকারীদের বিনিয়োগ আকৃষ্ট করার লক্ষ্যে সিটি কর্পোরেশন এলাকার বাইরে নির্মিত দালান বা ফ্ল্যাটের জন্য বর্গমিটার প্রতি নির্দিষ্ট হারে কর প্রদানের বিদ্যমান হার হ্রাসকরণ;
- ❖ বাংলাদেশে তৈরীকৃত software development or Information Technology Enabled Services (ITES) এবং Nationwide Telecommunication Transmission Network (NTTN) খাতে অর্জিত করমুক্ত আয়ের সময়সীমা ৩০ জুন, ২০২৪ পর্যন্ত বৃদ্ধি করা;
- ❖ ওয়েজ আর্নার্স ডেভেলপমেন্ট বন্ড, ইউএস ডলার প্রিমিয়াম বন্ড, ইউএস ডলার ইনভেস্টমেন্ট বন্ড, ইউরো ইনভেস্টমেন্ট বন্ড, ইউরো প্রিমিয়াম বন্ড, পাউন্ড স্টারলিং ইনভেস্টমেন্ট বন্ড এবং পাউন্ড স্টারলিং প্রিমিয়াম বন্ড- এই ৭টি বন্ড হতে অর্জিত সুদ আয়কে করমুক্ত রাখা;
- ❖ বিদেশী বিনিয়োগকে উৎসাহিত করা এবং বাংলাদেশে বিদেশী বিনিয়োগকারীদের বিনিয়োগ প্রক্রিয়া সহজীকরণের লক্ষ্যে বাংলাদেশের নাগরিক নন এরূপ অনিবাসী বিনিয়োগকারীর বাংলাদেশে ব্যবসায়রত নিবন্ধিত কোন বিদেশী কোম্পানীর পরিচালক হবার ক্ষেত্রে টিআইএন সনদ দাখিলের শর্ত প্রত্যাহার করা;
- ❖ পেনশনার সঞ্চয়পত্রসহ সকল ধরনের সঞ্চয়পত্রে বিনিয়োগে প্রাপ্ত মুনাফার উপর উৎসে কর্তিত আয়কর চূড়ান্ত করদায় পরিশোধ হিসেবে গণ্য করা;
- ❖ টেক্সটাইল ও পাটজাত দ্রব্যাদি সংক্রান্ত শিল্পের অর্জিত আয়ের উপর হ্রাসকৃত করহার প্রয়োগের সময়সীমা জুন, ২০১৯ পর্যন্ত বৃদ্ধি করা।

## ২০১৫-২০১৬ অর্থ বছরের বাজেটে আয়করের ক্ষেত্রে খাতভিত্তিক গৃহীত উল্লেখযোগ্য কার্যক্রম ঃ

➢ ব্যক্তি করদাতার আয়কর হার ঃ

| বিবরণ | করমুক্ত আয় সীমা | |
|---|---|---|
| | বিদ্যমান | প্রস্তাবিত |
| ব্যক্তি শ্রেণীর করদাতা | ২,২০,০০০/- | ২,৫০,০০০/- |
| মহিলা ও ৬৫ বছর উর্ধ্ব সিনিয়র সিটিজেন | ২,৭৫,০০০/- | ৩,০০,০০০/- |
| প্রতিবন্ধী করদাতা | ৩,৫০,০০০/- | ৩,৭৫,০০০/- |
| গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা | ৪,০০,০০০/- | ৪,২৫,০০০/- |

এছাড়া পরবর্তী আয় স্তরসমূহ ও কর হার নিম্নরূপ প্রস্তাব করা হয়েছে ঃ

| পরবর্তী আয় স্তরসমূহ | করহার |
|---|---|
| পরবর্তী ৪,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর- | ১০% |
| পরবর্তী ৫,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর- | ১৫% |
| পরবর্তী ৬,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর- | ২০% |
| পরবর্তী ৩০,০০,০০০/ টাকা পর্যন্ত মোট আয়ের উপর- | ২৫% |
| সর্বমোট ৪৭ লক্ষ ৫০ হাজার টাকার অধিক আয়ের উপর | ৩০% |

**ন্যূনতম করের পরিমাণ ৪ হাজার টাকা।**

➢ **কোম্পানীর কর হার ঃ**

- ✓ Publicly traded company এর বিদ্যমান কর হার ২৭.৫% হতে ২৫% এ হ্রাস করা। ৩০% লভ্যাংশ প্রদান করলে ১০% হারে কর রেয়াত প্রাপ্তির সুবিধা প্রত্যাহার করা এবং ১০% এর কম লভ্যাংশ প্রদান করা হলে কর হার ৩৫% নির্ধারণের শর্ত বিলোপ করা;
- ✓ Non-publicly traded company এর কর হার ৩৫% এ অপরিবর্তিত রাখা;
- ✓ পুঁজিবাজারে তালিকাভুক্ত ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠানের কর হার ৪২.৫% থেকে ৪০% এ হ্রাস করা এবং অন্যান্য ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠানের বিদ্যমান কর হার ৪২.৫% বহাল রাখা;
- ✓ মার্চেন্ট ব্যাংক এবং মোবাইল ফোন অপারেটর কোম্পানীসমূহের করের হার অপরিবর্তিত রাখা;
- ✓ পুঁজিবাজারে তালিকাভুক্ত কোম্পানী, প্রাইভেট/পাবলিক লিমিটেড কোম্পানী, ব্যক্তি বা অংশীদারী ফার্ম ইত্যাদি করদাতার মর্যাদা নির্বিশেষে সিগারেট ব্যবসায়রত সকল করদাতার একক কর হার ৪৫% নির্ধারণ করা;
- ✓ কো-অপারেটিভ সোসাইটির কৃষি ও কুটির শিল্প খাতের আয় ব্যতীত অন্যান্য আয়ের উপর ১৫% হারে করারোপ করা।

➢ **সম্পদের মালিকানার ভিত্তিতে ক্রমবর্ধমান হারে সারচার্জ আরোপ ঃ**

| ক্রমিক নং | সম্পদের পরিমাণ | সারচার্জের হার |
|---|---|---|
| ১ | ২ কোটি ২৫ লক্ষ টাকার অধিক কিন্তু ১০ কোটি টাকার অধিক নয় | ১০% |
| ২ | ১০ কোটি টাকার অধিক কিন্তু ২০ কোটি টাকার অধিক নয় | ১৫% |
| ৩ | ২০ কোটি টাকার অধিক কিন্তু ৩০ কোটি টাকার অধিক নয় | ২০% |
| ৪ | ৩০ কোটি টাকার অধিক নীট সম্পদ হলে | ২৫% |

**ন্যূনতম সারচার্জের পরিমাণ ৩,০০০ টাকা।**

➢ **পুঁজিবাজার সংক্রান্ত ঃ**

- পুঁজিবাজারে তালিকাভুক্ত ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠানের করহার ৪২.৫ শতাংশ হতে ৪০ শতাংশে হ্রাস করা এবং পুঁজিবাজারে তালিকাভুক্ত অন্যান্য কোম্পানীর করহার ২৭.৫% থেকে ২৫% এ হ্রাস করা;
- পুঁজিবাজারে তালিকাভুক্ত কোম্পানী কর্তৃক প্রদত্ত লভ্যাংশ ২৫,০০০/- টাকা পর্যন্ত কর মুক্ত রাখা;
- Equity Mutual Fund এবং Fixed Income Mutual Fund এর আয় উভয় ক্ষেত্রে ২৫ হাজার টাকা পর্যন্ত আয় করমুক্ত রাখা;
- বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের আয়কে প্রথম বৎসর ১০০%, দ্বিতীয় বৎসর ৮০%, তৃতীয় বৎসর ৬০%, চতুর্থ বৎসর ৪০% এবং পঞ্চম বৎসর ২০% পর্যন্ত কর অব্যাহতি সুবিধা প্রদান করা;
- কোম্পানী ও ফার্মের শেয়ার বাজার হতে অর্জিত মুনাফার উপর ১০% হারে উৎসে কর কর্তন সংক্রান্ত বিধান প্রত্যাহার করা।

➢ **চাকুরীজীবী করদাতা সংক্রান্ত ঃ**

- সরকারি-বেসরকারি সকল কর্মকর্তা ও কর্মচারীদের বেতন, বোনাস ও উৎসবভাতার উপর সমভাবে কর আরোপ করা;
- চিকিৎসা খাতে খরচের পরিমাণ বিবেচনা করে কর অব্যাহতি প্রাপ্ত চিকিৎসা ভাতার পরিমাণ মূল বেতনের ১০% অথবা সর্বোচ্চ ১,২০,০০০/- টাকা পর্যন্ত করমুক্ত রাখা;
- মূল্যস্ফীতি বিবেচনা করে মূল বেতনের ৫০% বা মাসিক ২৫,০০০/- টাকা (যেটি কম) পর্যন্ত নগদ বাড়ী ভাড়া ভাতা করমুক্ত করা;
- নিয়োগকর্তা কর্তৃক প্রদত্ত গাড়ী সুবিধা প্রদানের ক্ষেত্রে মূল বেতনের ৫% অথবা সর্বনিম্ন বার্ষিক ৬০,০০০/- টাকা, দুটির মধ্যে যেটি বেশি, সেটি অনুমিত আয় হিসেবে গণ্য করা;
- গ্রাচ্যুয়িটি খাতের করমুক্ত আয়ের সীমা ২ কোটি ৫০ লক্ষ টাকা পর্যন্ত নির্ধারণ করা;
- Workers Profit Participation Fund হতে শ্রমিকদের প্রাপ্ত অর্থ সম্পূর্ণ করমুক্ত রাখা। এ ফান্ড থেকে শ্রমিক ব্যতীত অন্যান্য কর্মকর্তাগণের যে কোন পরিমাণ প্রাপ্তির উপর করারোপের বিধান করা।

- **Income Year কে সকল করদাতার জন্য Uniform করাঃ**

  করদাতাভেদে আয় বছরের ভিন্নতার সুযোগে কর ফাঁকি দেয়ার প্রবণতা রোধকল্পে সকল করদাতার ক্ষেত্রে আর্থিক বছর অর্থাৎ ১ জুলাই হতে পরবর্তী বছরের ৩০ জুন সময়কালকে Income Year হিসেবে বিবেচনা করা এবং প্রবর্তিত এ বিধানটি ১ জুলাই, ২০১৬ হতে কার্যকর করা। তবে ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রচলিত ১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর অর্থাৎ ক্যালেন্ডার ইয়ারকে আয়বছর বিবেচনার বিধান অব্যাহত রাখা।

- **গার্মেন্টস শিল্প (RMG) ও অন্যান্য রপ্তানিকারকের কর সংক্রান্ত ঃ**

  গার্মেন্টস এবং অন্যান্য সকল পণ্য রপ্তানির উপর যথাক্রমে ০.৩০% এবং ০.৬০% হ্রাসকৃত হারে উৎসে কর কর্তনের বিদ্যমান বিধানের মেয়াদ আগামী ৩০ জুন, ২০১৫ তারিখে সমাপ্ত হবে। রপ্তানি খাতে তৈরী পোশাকসহ সকল পণ্য রপ্তানির উপর উৎসে কর কর্তনের হার ১% এ নির্ধারণ করা এবং উৎসে কর্তিত এ করকে সকল রপ্তানিকারকের ক্ষেত্রে চূড়ান্ত করদায় হিসেবে বিবেচনা করা;

- **দেশী ও বিদেশী বিনিয়োগ আকৃষ্ট করা ঃ**

  - বাংলাদেশে তৈরীকৃত software development or Information Technology Enabled Services (ITES) এবং Nationwide Telecommunication Transmission Network (NTTN) খাতে অর্জিত করমুক্ত আয়ের সময়সীমা ৩০ জুন, ২০২৪ পর্যন্ত বৃদ্ধি করা;
  - বিদেশী বিনিয়োগকে উৎসাহিত করা এবং বাংলাদেশে বিদেশী বিনিয়োগকারীদের বিনিয়োগ প্রক্রিয়া সহজীকরণের লক্ষ্যে বাংলাদেশের নাগরিক নন এরূপ অনিবাসী বিনিয়োগকারীর বাংলাদেশে ব্যবসায়রত বিদেশী কোন কোম্পানীর পরিচালক হবার ক্ষেত্রে টিআইএন সনদ দাখিলের শর্ত শিথিল করা;
  - আমদানীকৃত সফটওয়্যার এর উপর ১০% হারে অবচয় ভাতা অনুমোদন করা;
  - গাড়ির ক্রয়মূল্যের ২৫ লক্ষ টাকা পর্যন্ত অবচয় সুবিধা প্রদান করা;
  - ব্যবসায় ব্যবহৃত বিল্ডিং, মেশিনারী, প্ল্যান্ট এবং অন্যান্য স্থায়ী সম্পদের (আমদানীকৃত সফট্ওয়্যার ব্যতীত) উপর obsolescence allowance অনুমোদনের বিধান করা;
  - কর অবকাশযোগ্য Industrial undertaking এর তালিকায় Tyre, Automobile Manufacturing Industry, অত্যাধুনিক ও পরিবেশ বান্ধব Tunnel Kiln পদ্ধতির ইট নির্মাণ শিল্প এবং Bi-cycle শিল্পকে অন্তর্ভুক্ত করা;
  - টেক্সটাইল ও পাটজাত দ্রব্যাদি সংক্রান্ত শিল্পের অর্জিত আয়ের উপর হ্রাসকৃত ১৫% হারে কর আরোপের সময়সীমা ৩০ জুন, ২০১৯ পর্যন্ত বৃদ্ধি করা;
  - নিয়োগকারী কোম্পানী কর্তৃক কর্মচারীকে প্রদত্ত অতিরিক্ত পারকুইজিটস এর সীমা ৩ লক্ষ ৫০ হাজার টাকা থেকে ৪ লক্ষ ৫০ হাজার টাকায় উন্নীত করা;
  - কোম্পানীর পরিশোধিত মূলধন এবং অবন্টিত মুনাফার (রিজার্ভসহ) ১০% এর সমপরিমাণ মূল্যের গাড়ী ক্রয়ের সুযোগ প্রদান করা;
  - লোকাল এলসি'র মাধ্যমে লেনদেনের বেলায় কম্পিউটার ও কম্পিউটার সামগ্রী, পাট, সূতা এবং তুলা ক্রয়ের ক্ষেত্রে উৎসে কর কর্তন প্রত্যাহার করা।

- **ব্যবসা প্রতিষ্ঠানসমূহের হিসাবরক্ষণ পদ্ধতিতে শৃংখলা আনয়ন ঃ**

  - নিরীক্ষিত হিসাব বিবরণী দাখিলের ক্ষেত্রে জালিয়াতি রোধ করে সঠিক পরিমাণ কর আদায়ের লক্ষ্যে মিথ্যা বা জাল অডিট রিপোর্ট দাখিল করার জন্য সংশ্লিষ্ট করদাতার উপর ১ লক্ষ টাকা জরিমানা আরোপের বিধান এবং কারাদন্ড ও অর্থদন্ডের বিধান করা;

- বিধি সংশোধন করে Institute of Chartered Accountant of England and Wales, Scotland, London, Pakistan এবং India এর পেশাদার চার্টার্ড একাউন্টেন্ট এবং কস্ট এন্ড ম্যানেজমেন্ট একাউন্টেন্টগণের বাংলাদেশে আয়কর বিষয়ক উপদেষ্টা সেবা প্রদান করার বিধান বিলোপ করা।

➢ **এমপিও ভুক্ত বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষা কার্যক্রম হতে অর্জিত আয়ের উপর কর অব্যাহতি প্রদান সংক্রান্ত ঃ**

যে সকল বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্ত, সরকারী কারিকুলাম অনুযায়ী পাঠ দান করে থাকে এবং সরকারী নীতিমালার ভিত্তিতে গঠিত পরিচালনা পর্ষদ দ্বারা পরিচালিত হয় সে সকল শিক্ষা প্রতিষ্ঠান, পাবলিক বিশ্ববিদ্যালয় এবং সরাসরি আইন বা অধ্যাদেশ দ্বারা সৃষ্ট পেশাজীবী সংগঠনের শিক্ষাকার্যক্রম পরিচালনাকারী প্রতিষ্ঠানের শিক্ষা কার্যক্রম পরিচালনা হতে অর্জিত আয় করমুক্ত রাখা। তবে এ সকল প্রতিষ্ঠানের ব্যাংকে কোন আমানত (সঞ্চয়ী অথবা স্থায়ী) থাকলে তার অর্জিত সুদের উপর ১০% হারে উৎসে কর কর্তন করে তা চূড়ান্ত করদায় হিসেবে বিবেচনা করা।

➢ **ওয়েজ আর্নার্স ডেভেলপমেন্ট বন্ড সংক্রান্ত ঃ**

ওয়েজ আর্নার্স ডেভেলপমেন্ট বন্ড, ইউএস ডলার প্রিমিয়াম বন্ড, ইউএস ডলার ইনভেস্টমেন্ট বন্ড, ইউরো ইনভেস্টমেন্ট বন্ড, ইউরো প্রিমিয়াম বন্ড, পাউন্ড স্টারলিং ইনভেস্টমেন্ট বন্ড এবং পাউন্ড স্টারলিং প্রিমিয়াম বন্ড- এই ৭টি বন্ড হতে অর্জিত সুদ আয়কে করমুক্ত করা।

➢ **করের আওতা বৃদ্ধি, উৎসে আয়কর সংগ্রহের পরিধি বৃদ্ধি এবং হারের যৌক্তিকীকরণ ঃ**

- ১ জুলাই, ২০১৫ হতে পোল্ট্রি শিল্পের আয়ের প্রথম ১০ লক্ষ টাকা পর্যন্ত আয়ের উপর ৩%, পরবর্তী ২০ লক্ষ টাকার উপর ১০% এবং ৩০ লক্ষ টাকার অধিক অবশিষ্ট আয়ের উপর ১৫% হারে কর আরোপের বিধান করা;
- হাঁস-মুরগি, চিংড়ি ও মাছের Hatchery, পোল্ট্রি ফিড, গবাদি পশু, বীজ, দুগ্ধ, ব্যাঙ, তুঁত চাষ, মৌমাছি চাষ, রেশম চাষ, ছত্রাক চাষ, ফুল চাষ ইত্যাদি খাতের আয়ের উপর বর্তমান করের হার ৩% এর পরিবর্তে প্রথম ১০ লক্ষ টাকা পর্যন্ত আয়ের উপর ৩%, পরবর্তী ২০ লক্ষ টাকার উপর ১০% এবং ৩০ লক্ষ টাকার অধিক অবশিষ্ট আয়ের উপর ১৫% হারে কর আরোপের বিধান করা। তবে মাছ চাষের আয়ের উপর করদাতার শ্রেণীভেদে বিদ্যমান সাধারণ করহার বহাল থাকবে;
- সরকার ব্যতীত অন্য সকল কর্তৃপক্ষ কর্তৃক সম্পাদিত লীজ দলিল এবং পজেশন বিক্রয় দলিলকে মূলধনী মুনাফা করের আওতায় আনা;
- ইংলিশ মিডিয়াম ও ইন্টারন্যাশনাল স্ট্যান্ডার্ড স্কুলে শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে বাবা/মা/আইনী অভিভাবকের ১২ ডিজিটের টিআইএন সনদ দাখিলের বাধ্যবাধকতা সংক্রান্ত বিধান করা;
- প্রিন্ট, ইলেক্ট্রনিক মিডিয়া এবং অনলাইন বিজ্ঞাপনের উপর উৎসে কর কর্তনের হার ৩% হতে বৃদ্ধি করে ৪% করা;
- রিয়েল এস্টেট ডেভেলপার কর্তৃক জমির মালিককে ভাড়ার ক্ষতিপূরণসহ প্রদেয় সমুদয় অর্থের (Rent compensation and signing money) উপর ১৫% হারে উৎসে কর কর্তনের বিধান করা;

- ট্রেজারী বন্ড ও ট্রেজারী বিলের সুদের উপর উৎসে ৫% হারে আরোপিত upfront কর কর্তনের বিধান প্রত্যাহার করা;
- এমবারকেশন ফিস, ট্রাভেল ট্যাক্স, ফ্লাইট সেফটি ইন্সুরেন্স, সিকিউরিটি ট্যাক্স, এয়ার পোর্ট ট্যাক্স ব্যতীত ফুয়েল সারচার্জসহ অন্য সকল চার্জকে ভাড়ামূল্যের সংজ্ঞাভুক্ত করে Cargo অথবা Passenger পরিবহন ভাড়ার উপর ০.৩% হারে উৎসে কর আরোপ করে উক্ত উৎসে কর্তিত করকে ৮২সি ধারায় চূড়ান্ত করদায় হিসেবে বিবেচনা করা;
- গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী কর্তৃক প্রাপ্ত বিলের উপর উৎসে কর কর্তনের হার ৩% এ হ্রাস করা এবং উৎসে কর্তিত করকে চূড়ান্ত করদায় হিসেবে বিবেচনা না করে প্রদেয় করের বিপরীতে ক্রেডিট প্রদান করা বা সমন্বয় করা;
- বিদ্যমান আইনে আমদানী পর্যায়ে উৎসে আয়কর পরিশোধ হতে অব্যাহতি প্রাপ্ত কতিপয় পণ্য সামগ্রী যথাঃ শুকনা মরিচ, তৈল বীজ, পরিশোধিত ও অপরিশোধিত ভোজ্য তেল, পরিশোধিত ও অপরিশোধিত জ্বালানী তৈল ও তৈলজাত পণ্য, ইঞ্জিন ওয়েল, লুব্রিকেন্ট, চামড়া, এম এস রড ও স্টীল, চাল, চালের ক্ষুদ, গম, পরিশোধিত ও অপরিশোধিত চিনি, প্রোপেন, বিউটেন এবং মোবাইল ফোন এর উপর হ্রাসকৃত ২% হারে উৎসে অগ্রিম আয়কর আরোপ করা;
- মূসক পরিশোধের সময় সিগারেটের সর্বোচ্চ খুচরা মূল্যের উপর ৩% হারে উৎসে অগ্রিম কর সংগ্রহ করা;
- কোমল পানীয় ও বোতলজাত খাবার পানি (মিনারেল ওয়াটার) এর ব্যান্ডরোলের মূল্য সংযোজন করের ভিত্তি মূল্যের উপর অগ্রিম করের হার ৩% হতে বৃদ্ধি করে ৪% করা;
- বায়িং হাউজ কমিশনের উপর উৎসে কর কর্তনের হার ৭.৫% হতে বৃদ্ধি করে ১০% এ নির্ধারণ করা এবং উৎসে কর্তিত এ করকে চূড়ান্ত করদায় হিসেবে বিবেচনা করার বিধান করা;
- হস্তশিল্পের রপ্তানি আয় ৩০ জুন, ২০১৫ পর্যন্ত করমুক্ত রয়েছে। এ অব্যাহতির সময়সীমা ৩০ জুন, ২০১৯ পর্যন্ত বৃদ্ধি করা;

➢ **নিবাসী করদাতার ক্ষেত্রে কতিপয় সেবা খাতকে চিহ্নিত করে কর হার সুনির্দিষ্টকরণ ঃ**

| ক্রমিক নং | সেবার খাত | কর কর্তনের হার |
|---|---|---|
| ১। | ইন্ডেটিং কমিশন | ৭.৫% |
| ২। | শিপিং এজেন্সী কমিশন | ৫% |
| ৩। | স্টিভেডরিং/বার্থ অপারেশন কমিশন | ১০% |
| ৪। | প্রাইভেট সিকিউরিটি সার্ভিস - মোট চুক্তি মূল্যের উপর<br>- কমিশনের উপর | ১.৫%<br>১০% |
| ৫। | জনবল সরবরাহ - মোট চুক্তিমূল্যের উপর<br>- কমিশনের উপর | ১.৫%<br>১০% |
| ৬। | ক্লিনিং সার্ভিসেস - মোট চুক্তি মূল্যের উপর<br>- কমিশনের উপর | ১.৫%<br>১০% |
| ৭। | ইভেন্ট ম্যানেজমেন্ট - মোট চুক্তিমূল্যের উপর<br>- কমিশনের উপর | ১.৫%<br>১০% |
| ৮। | কালেকশন এন্ড রিকভারী এজেন্সী -মোট চুক্তিমূল্যের উপর<br>- ফিস/কমিশন/চার্জ | ১.৫%<br>১০% |
| ৯। | যানবাহন সরবরাহ-মোট চুক্তিমূল্যের উপর | ৩% |
| ১০। | প্রিন্টিং সার্ভিস | ৩% |
| ১১। | মোবাইল ব্যাংকিং কার্যক্রমে ব্যবহৃত মোবাইল নেটওয়ার্ক অপারেটর, কারিগরি সহায়তা প্রদানকারী প্রতিষ্ঠান এবং সার্ভিস ডেলিভারি এজেন্টকে প্রদেয় ফিস এর উপর | ১০% |
| ১২। | ক্রেডিট রেটিং ফিস | ১০% |
| ১৩। | প্রাইভেট কন্টেইনার পোর্ট/ডকইয়ার্ড সার্ভিস | ৫% |
| ১৪। | মিটিং ফিস, ট্রেনিং ফিস বা সম্মানী ভাতা | ১০% |
| ১৫। | কন্ট্রাক্ট/টোল ম্যানুফ্যাকচারিং | ১০% |
| ১৬। | পণ্য প্রক্রিয়াকরণ চার্জ/ফি | ১০% |
| ১৭। | ক্যাটারিং সার্ভিসেস | ১০% |
| ১৮। | মোটর গ্যারেজ ও ওয়ার্কসপ | ৫% |
| ১৯। | ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত সেবা ব্যতীত আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর সপ্তম অধ্যায়ে সুনির্দিষ্টকৃত নয় এমন যে কোন সার্ভিস | ১০% |

➢ অনিবাসী করদাতাগণ কর্তৃক প্রাপ্ত বিভিন্ন প্রকারের অর্থের খাত সুনির্দিষ্ট করে প্রাপ্তির উপর নিম্নবর্ণিত হারে উৎসে কর আরোপ করা ঃ

| ক্রমিক নং | সেবার খাত | কর কর্তনের হার |
|---|---|---|
| ১। | বেতন/সম্মানী | ৩০% |
| ২। | মূলধনী মুনাফা ঃ<br>-শেয়ারবাজার হতে অর্জিত মুনাফা ব্যতীত অন্যান্য মূলধনী মুনাফা<br>-করদাতার নিজ দেশে করমুক্ত না হলে কোম্পানী বা ফার্ম কর্তৃক শেয়ারবাজার হতে অর্জিত মূলধনী মুনাফা | <br>১৫%<br><br>১০% |
| ৩। | লভ্যাংশঃ<br>কোম্পানী করদাতা<br>ব্যক্তি করদাতা | <br>২০%<br>৩০% |
| ৪। | শিল্পী/অভিনেতা-অভিনেত্রী/খেলোয়াড় | ৩০% |
| ৫। | সুদ/রয়্যালটি/কমিশন | ২০% |
| ৬। | ম্যানেজমেন্ট/ইভেন্ট ম্যানেজমেন্ট | ২০% |
| ৭। | লিগ্যাল সার্ভিস | ২০% |
| ৮। | একাউন্টিং/ট্যাক্স কনসালটেন্সী | ২০% |
| ৯। | প্রফেশনাল সার্ভিস | ২০% |
| ১০। | পরামর্শক/কনসালটেন্সী ফি বা সার্ভিস ফি | ৩০% |
| ১১। | সার্টিফিকেশন ফি | ৩০% |
| ১২। | প্রি-শিপমেন্ট ইন্সপেকশন সার্ভিস | ৩০% |
| ১৩। | আর্কিটেকচার/ইন্টেরিয়র/ল্যান্ডস্কেপ ডিজাইন | ২০% |
| ১৪। | যন্ত্রপাতি ভাড়া | ১৫% |
| ১৫। | এয়ার/ওয়াটার ট্রান্সপোর্ট | ৭.৫% |
| ১৬। | কুরিয়ার ব্যবসা | ১৫% |
| ১৭। | বিজ্ঞাপন তৈরি বাবদ | ১৫% |
| ১৮। | বিজ্ঞাপন প্রচার বাবদ | ২০% |
| ১৯। | স্যাটেলাইট ভাড়া/চার্জ, এয়ারটাইম চার্জ, ফ্রিকোয়েন্সি ভাড়া/চার্জ | ২০% |
| ২০। | ইন্স্যুওরেন্স প্রিমিয়াম | ১০% |
| ২১। | টার্নকী চুক্তিসহ সকল প্রকার নির্মাণ/ঠিকাদারী (Contractor/ sub-contractor) /সরবরাহ | ৫% |
| ২২। | তৈল-গ্যাস অনুসন্ধান অথবা উত্তোলন সংক্রান্ত কূপ খনন (ড্রিলিং ইন পেট্রোলিয়াম অপারেশন) | ৫.২৫% |
| ২৩। | তৈল-গ্যাস অনুসন্ধানে সকল প্রকারের জরীপ | ৫.২৫% |
| ২৪। | তৈল-গ্যাস ক্ষেত্রে (Field) অনুসন্ধান, উত্তোলন অথবা পাইপ লাইন বা অন্য কোন পদ্ধতিতে তৈল-গ্যাস ক্ষেত্র (Field) থেকে তৈল বা গ্যাস রপ্তানী পয়েন্ট (Export Point) পর্যন্ত প্রদত্ত অন্য যে কোন সেবার ক্ষেত্রে | ৫.২৫% |
| ২৫। | অন্যান্য যে কোন সেবার জন্য প্রদেয় অর্থের উপর | ৩০% |

➢ **কতিপয় গুরুত্বপূর্ণ আইনগত পরিবর্তন/সংযোজন/সংশোধনঃ**

- সার্বজনীন স্বনির্ধারণী পদ্ধতিতে দাখিলকৃত রিটার্ণের ক্ষেত্রে Scrutiny assessment এর বিধান সংযোজন করা।
- উপ কর কমিশনার কর্তৃক করদাতার আয়কর রিটার্ন দাখিলের সময়সীমা ২ মাস পর্যন্ত এবং পরিদর্শী যুগ্ম কর কমিশনারের অনুমোদনক্রমে আরো ২ মাস পর্যন্ত সময় বৃদ্ধি করার বিধান করা;
- কর মামলা ৯৩ ধারায় পুনঃউন্মোচিত হলে দাখিলকৃত সংশোধিত রিটার্নে মূল রিটার্নে প্রদর্শিত হ্রাসকৃত হারে বা করমুক্ত আয়ের বেশি অতীতের বা বর্তমানের কোন আয় প্রদর্শন করা হলে উক্ত অতিরিক্ত প্রদর্শিত আয়কে অন্যান্য উৎসের আয় হিসেবে গণ্য করা;
- আন্তর্জাতিক লেনদেনের বিবরণী দাখিলে ব্যর্থ হলে লেনদেন মূল্যের ২% জরিমানা আরোপের বিধান করা;
- পঁচিশটি কর্তৃপক্ষ করদাতাকে সংশ্লিষ্ট সেবা প্রদানকালে টিআইএন সনদ যাচাই না করলে সর্বোচ্চ ৫০ হাজার টাকা পর্যন্ত জরিমানা করার বিধান করা;
- সরকারী কর্মকর্তা/ কর্মচারীগণের বেতন আয়ের উপর উৎসে আয়কর কর্তনের সুস্পষ্ট বিধান সংযোজন করা;
- সিগারেট ব্যবসার আয়ের সাথে অন্য যে কোন খাতের লোকসান সমন্বয় না করার বিধান করা।